

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
(www.bpsc.gov.bd)

নিয়োগ বিজ্ঞপ্তি

নং ৮০.৩০১.০৩৬.০০.০০.০০১.২০১৫-৩২ www.eduresultbd.com

তারিখ : ১১ অক্টোবর, ২০১৫ খ্রিঃ।

বিজ্ঞপ্তি নম্বর : ৯৩-৯৪ (অনলাইন)

পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা কর্তৃক নিম্নলিখিত পদে সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থীদের নিকট হতে অনলাইনে আবেদনপত্র আহ্বান করছে :

বিজ্ঞপ্তি নম্বর ৯৩	মন্ত্রণালয়/বিভাগের নাম ও পদ	আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের নিয়ন্ত্রণাধীন নিবন্ধন পরিদপ্তরের “সাব-রেজিস্ট্রার” এর ৪৯টি স্থায়ী পদ।
	বেতন স্কেল	টাকা-১১,০০০-৪৯০×৭-১৪,৪৩০-ইবি-৫৪০×১১-২০,৩৭০/-তৎসহ বিধি অনুযায়ী প্রদেয় অন্যান্য ভাতা/সুবিধা।
	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ১ম শ্রেণীর মাস্টার্স ডিগ্রী অথবা ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর মাস্টার্স ডিগ্রী অথবা ৪ বছর মেয়াদী ২য় শ্রেণীর স্নাতক সম্মান ডিগ্রী।
	বয়স	০১/১০/২০১৫ খ্রিঃ তারিখে অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর। মুক্তিযোদ্ধা, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে অনূর্ধ্ব ৩২ বছর। সাধারণ, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র/কন্যা ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীর ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩০ বছর। www.eduresultbd.com
বিজ্ঞপ্তি নম্বর ৯৪	মন্ত্রণালয়/বিভাগের নাম ও পদ	স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ২য় শ্রেণীর “সার্কেল এ্যাডজুটেন্ট/উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা/সহকারী এ্যাডজুটেন্ট” এর ২০৮ টি স্থায়ী পদ।
	বেতন স্কেল	টাকা-৮,০০০-৪৫০×৭-১১,১৫০-ইবি-৪৯০×১১-১৬,৫৪০/-তৎসহ বিধি অনুযায়ী প্রদেয় অন্যান্য ভাতা/সুবিধা।
	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও শারীরিক যোগ্যতা	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক অথবা স্নাতকোত্তর ডিগ্রী। শারীরিক যোগ্যতাঃ ১) দৈহিক উচ্চতাঃ পুরুষ ৫'-৪", মহিলা-৫'-২"। ২) বুকের মাপঃ-পুরুষ ৩০" - ৩২" *** (বর্ণিত শারীরিক যোগ্যতা না থাকলে আবেদন করার প্রয়োজন নেই)
	বয়স	০১/১০/২০১৫ খ্রিঃ তারিখে ১৮ বছর হতে ৩০ বছর। মুক্তিযোদ্ধা, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে অনূর্ধ্ব ৩২ বছর। সাধারণ, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র/কন্যা ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীর ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩০ বছর। www.eduresultbd.com

বিশেষ দ্রষ্টব্য :-

১। অনলাইনে আবেদনপত্র (বিপিএসসি ফরম-5A) পূরণ এবং পরীক্ষার ফি জমাদান শুরু ও শেষ হওয়ার তারিখ ও সময় :

(ক) প্রার্থীকে টেলিটকের Web address : <http://bpsc.teletalk.com.bd> অথবা বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের Web address : www.bpsc.gov.bd এর মাধ্যমে কমিশন কর্তৃক নির্ধারিত আবেদনপত্র বিপিএসসি ‘ফরম-5A’ পূরণ করে Online Registration কার্যক্রম এবং ফি জমাদান সম্পন্ন করতে হবে। উল্লিখিত ওয়েবসাইট ওপেন করে Non-Cadre অপশন Select করে ক্লিক করলে উল্লিখিত পদগুলোর Advertisement, Instructions for Submitting Application এর রেডিও বাটন দৃশ্যমান হবে। Advertisement-এর রেডিও বাটনে ক্লিক করলে পদগুলোর বিজ্ঞাপন পাওয়া যাবে। ফরম পূরণের পূর্বে প্রার্থী অবশ্যই Instructions এবং বিজ্ঞপ্তি Download করে প্রতিটি নির্দেশনা ভালো করে আয়ত্ত্ব করে নিবেন।

Dr.

- (খ) আবেদনপত্র পূরণ ও ফি জমাদান শুরু তারিখ ও সময়; ১২/১০/২০১৫ খ্রিঃ দুপুর ১২:০০ টা।
 (গ) আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়; ৩/১১/২০১৫ খ্রিঃ সন্ধ্যা ৬:০০ টা।
 (ঘ) শুধুমাত্র User ID প্রাপ্ত প্রার্থীগণ উক্ত সময়ের পরবর্তী ৭২ ঘন্টা (অর্থাৎ ৬/১১/২০১৫ খ্রিঃ সন্ধ্যা ৬:০০ টা পর্যন্ত) SMS এর মাধ্যমে ফি জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

২। বয়সসীমা : ০১/১০/২০১৫ খ্রিঃ তারিখে বয়স : www.eduresultbd.com

- ক) সাধারণ, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র/কন্যা এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীর ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩০ বছর (জন্ম তারিখ সর্বোচ্চ ০২/১০/১৯৮৫ খ্রিঃ পর্যন্ত)।
 খ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩২ বছর (জন্ম তারিখ সর্বোচ্চ ০২/১০/১৯৮৩ খ্রিঃ পর্যন্ত)।

৩। জাতীয়তাঃ

- ক) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
 খ) যে সকল প্রার্থী কোনো অ-বাংলাদেশী নাগরিককে বিবাহ করেছেন অথবা বিবাহ করতে প্রতিশ্রুতিবদ্ধ হয়েছেন সে সকল প্রার্থী সরকারের লিখিত অনুমতি ব্যতিরেকে আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন না। সরকারের অনুমতিপত্র লিখিত পরীক্ষার পর বিপিএসসি ফরম-৩ এর সাথে অবশ্যই দিতে হবে।

৪। ডিক্লারেশন : www.eduresultbd.com

(ক) প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের (বিপিএসসি ফরম-5A) ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য বা তার অংশবিশেষ অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল এবং ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীতব্য যে কোন নিয়োগ পরীক্ষায় আবেদন করার অযোগ্য ঘোষণাসহ তার বিরুদ্ধে যে কোন আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(খ) প্রার্থী কর্তৃক প্রদত্ত ডিক্লারেশন অনুযায়ী প্রিলিমিনারি টেস্টের জন্য সাময়িকভাবে যোগ্য বিবেচনা করে প্রবেশপত্র প্রদান করা হবে। প্রিলিমিনারি টেস্টে কৃতকার্য হলে প্রার্থী কর্তৃক অনলাইন আবেদনপত্রে (বিপিএসসি ফরম-5A) প্রদত্ত প্রতিটি তথ্যের স্বপক্ষে যথাযথ সনদ/প্রত্যয়নপত্র লিখিত পরীক্ষার পূর্বে বিপিএসসি ফরম-৩ এর সাথে কমিশনে জমা দিতে হবে। কোন প্রার্থী অনলাইনে প্রদত্ত তথ্য ও শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ বিপিএসসি ফরম-৩ এর সাথে যথাযথ সনদ/প্রত্যয়নপত্র দাখিল করতে ব্যর্থ হলে বা কোন অযোগ্যতা ধরা পড়লে তার প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

৫। ছবি (Picture) : BPSC Form-5A সফলভাবে পূরণ সম্পন্ন হলে application preview দেখা যাবে। Preview এর নির্ধারিত স্থানে প্রার্থীকে (দৈর্ঘ্য×প্রস্থ) 300×300 pixel এর কম বা বেশি নয় এবং ফাইল সাইজ 100 KB এর বেশি নয় এরূপ মাপের নিজের রঙ্গীন ছবি Scan করে jpg format এ upload করতে হবে। সাদাকালো ছবি গ্রহণযোগ্য নয়। ছবি উল্লিখিত মাপের না হলে আবেদনপত্র বাতিল হবে। সানগ্লাসসহ ছবি গ্রহণযোগ্য হবে না। Home page এর Help Menu তে ক্লিক করলে Photo এবং Signature সম্পর্কে বিস্তারিত নির্দেশনা পাওয়া যাবে।

৬। স্বাক্ষর (Signature) : Application Preview তে স্বাক্ষরের জন্য নির্ধারিত স্থানে (দৈর্ঘ্য×প্রস্থ) 300×80 pixel এর কম বা বেশি নয় এবং ফাইল সাইজ 60 KB এর বেশি নয়, এরূপ মাপের প্রার্থীর নিজের স্বাক্ষর Scan করে jpg format এ upload করতে হবে। স্বাক্ষর উল্লিখিত মাপের না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৭। পরীক্ষার ফি প্রদান পদ্ধতি : অনলাইনে আবেদনপত্র (BPSC Form-5A) যথাযথভাবে পূরণপূর্বক নির্দেশমতে ছবি এবং Signature upload করে প্রার্থী কর্তৃক আবেদনপত্র submission সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID সহ ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থীকে প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করতে হবে। Applicant's copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং এই User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বর থেকে SMS করে পরীক্ষার ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা জমা দিতে হবে।

৫.

প্রথম SMS : BPSC<space>User ID লিখে send করুন 16222 নম্বরে ।

Example : BPSC NCRPQBCR send to 16222

Reply: Applicant's Name, Tk-500 will be charged as application fee. Your PIN is (8 digit number). To pay fee, type BPSC<space>Yes<space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS : BPSC<space>yes<space> pin লিখে send করুন 16222 নম্বরে ।

Example : BPSC YES 12345678 & send to 16222

Reply: Congratulations! Applicant's Name, payment completed successfully for Non-cadre examination. User ID is (xxxxxxxx) and Password (xxxxxxxx).

বিজ্ঞপ্তি: If password is lost, please type BPSC<Space> HELP<Space> SSC Board<Space> SSC Roll<Space>SSC Year and Send to 16222. অথবা টেলিটকের বর্ণিত ওয়েব সাইটে Home page এর Admit Card Menu তে ক্লিক করলে User Recovery, Password Recovery ও Payment Status বাটন দেখা যাবে। উক্ত বাটনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য দিয়ে Submit করলে কাঙ্ক্ষিত তথ্যাবলি পাওয়া যাবে।

www.eduresultbd.com

৮। (ক) প্রবেশপত্র (Admit Card) : প্রার্থী তার User ID এবং Password ব্যবহার করে ছবি ও রেজিঃ নম্বর সম্বলিত প্রবেশপত্র (Admit Card) download করে নিতে পারবেন।

(খ) বিজ্ঞাপনে উল্লেখিত শিক্ষাগত যোগ্যতা না থাকলে কোন প্রার্থী আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন না। কোন প্রার্থী পরীক্ষার ফি জমা দিয়ে admit card পাওয়ার পর একাধিকবার Online এ Application form জমা দিতে পারবেন না। কোন প্রার্থী Online এ আবেদন ফরম পূরণ করে ফি জমাদান সম্পূর্ণ করলে তার আবেদন চূড়ান্তভাবে গৃহীত হয়েছে বলে গণ্য হবে। প্রার্থী মিথ্যা/ভিন্ন/ভুল তথ্য দিয়ে একাধিকবার ফরম পূরণ করে একাধিক admit card গ্রহণ করলে এবং প্রক্রিয়ায়ণের যে কোন স্তরে জালিয়াতি প্রমাণিত হলে এরূপ প্রার্থীর সামগ্রিক প্রার্থিতা বাতিল হবে এবং উক্ত প্রার্থী ভবিষ্যতে সকল পদে আবেদনের জন্য অযোগ্য ঘোষিত হবে এবং উক্ত প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৯। বিপিএসসি ফরম-৩ প্রাপ্তি : শুধুমাত্র প্রিলিমিনারি টেস্টে উত্তীর্ণ প্রার্থীগণ কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd থেকে কমিশন কর্তৃক নির্ধারিত সময়ে বিপিএসসি ফরম-৩ download করে সংগ্রহ করবেন। ওয়েবসাইট থেকে সংগৃহীত বিপিএসসি ফরম-৩ যথাযথভাবে পূরণ করে প্রার্থীগণ নিম্নোক্ত সনদ/ডকুমেন্টসসহ কমিশন কর্তৃক নির্দেশিত সময়ে এবং স্থানে জমা দিবেনঃ

(১) শিক্ষাগত যোগ্যতা প্রমাণের জন্য : শিক্ষাগত যোগ্যতা প্রমাণের জন্য বোর্ড বা বিশ্ববিদ্যালয় হতে অর্জিত সকল সনদ/ডিপ্লোমা/ডিগ্রীর মূল/সাময়িক সনদ এর সত্যায়িত ফটোকপি। মূল সনদ প্রদানে অপারগ হলে সাময়িক সনদ গৃহীত হবে। শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ বিশ্ববিদ্যালয় বা সর্বশেষ পরীক্ষার নম্বরপত্র (Marksheet) এ শর্তে গ্রহণযোগ্য হবে যে, সাক্ষাৎকারের পূর্বে মূল/সাময়িক সনদ অবশ্যই দাখিল করতে হবে।

(২) বয়স প্রমাণের জন্য শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের সনদের সত্যায়িত কপি। “ও” লেভেল এবং “এ” লেভেল করা প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সম্বলিত দালিলিক প্রমাণ। বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

“চার বছর মেয়াদি স্নাতক সম্মান ডিগ্রিধারী প্রার্থীদের জমাকৃত সনদ/মার্কশিট/টেস্টিমোনিয়াল-এ যদি ৪ বছর মেয়াদি স্নাতক সম্মান উল্লেখ না থাকে তবে অর্জিত ডিগ্রী ৪ বছর মেয়াদি স্নাতক সম্মান মর্মে বিভাগীয় প্রধান/পরীক্ষা নিয়ন্ত্রক/রেজিস্ট্রার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় তাদের অর্জিত ডিগ্রী ৩ বছর মেয়াদি হিসেবে গণ্য করা হবে”

(৩) ক) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ২৬-০২-২০০২ খ্রিঃ তারিখের মুগবিঃসনদ-১/প্র-১/২০০২/০২ নং প্রজ্ঞাপন মোতাবেক মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত সনদপত্রের সত্যায়িত কপি বা ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত কপি।

(৩)

খ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৬-০১-২০১১ খ্রিঃ তারিখের ০৫.১৭০.০২২.০৭.০১.০২৪.২০১০-২৬ নং সার্কুলার অনুযায়ী মুক্তিযোদ্ধা এবং উপযুক্ত মুক্তিযোদ্ধা প্রার্থী পাওয়া না গেলে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র ও কন্যা পাওয়া না গেলে পুত্র-কন্যাদের পুত্র ও কন্যাগণ মুক্তিযোদ্ধা কোটায় বিবেচিত হবেন। তবে আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে সে মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের ২টি সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

গ) মুক্তিযোদ্ধা সনদ হিসেবে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রত্যয়নপত্র প্রাথমিকভাবে গ্রহণ করা হবে। তবে মৌখিক পরীক্ষার সময় প্রার্থী কর্তৃক অবশ্যই মূল সনদ উপস্থাপন করতে হবে এবং উক্ত সনদের একটি সত্যায়িত কপি কমিশনে জমা দিতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না। উল্লেখ্য মুক্তিযোদ্ধা প্রার্থী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সঠিক সনদপত্র উপস্থাপনে ব্যর্থ হলে মুক্তিযোদ্ধা প্রার্থী হিসেবে প্রার্থিতা বাতিল হবে।

(৪) প্রার্থী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে। অন্যথায় ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থী হিসেবে প্রার্থিতা বাতিল হবে।

(৫) বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত ফটোকপি।

(৬) সরকার অথবা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরি থেকে ইস্তফাদানকারী অথবা অপসারিত ব্যক্তিদের ক্ষেত্রে ইস্তফাপত্র গ্রহণ অথবা অপসারণ আদেশের সত্যায়িত ফটোকপি।

(৭) আবেদনকারীর স্থায়ী ঠিকানা পরিবর্তিত হলে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে প্রামাণ্য সনদের সত্যায়িত কপি।

(৮) সরকারী, আধাসরকারী, স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ছাড়পত্রের সত্যায়িত ফটোকপি।

(৯) প্রিলিমিনারি পরীক্ষায় উত্তীর্ণ যে সকল প্রার্থী বিপিএসসি ফর্ম-৩ নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে ব্যর্থ হবেন তাদের প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে এবং তারা লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।

বিঃ দ্রঃ বিপিএসসি ফর্ম-৩ অনুপূর্ণ যাচাই এর পর শুধুমাত্র ড্রাফটমুক্ত আবেদনপত্রের বিপরীতে লিখিত পরীক্ষা গ্রহণের অনুমতি দেয়া হবে। www.eduresultbd.com

১০। (ক) অনলাইন আবেদনপত্রের (BPS Form-5A) প্রথম অংশের স্থায়ী ঠিকানার (Permanent Address) district এর ঘরে এবং পরবর্তী বিপিএসসি ফর্ম-৩ এর স্থায়ী ঠিকানার (Permanent Address) নির্ধারিত স্থানে উল্লিখিত স্থায়ী জেলা এক এবং অভিন্ন হতে হবে এবং উক্ত জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে তাঁকে চাকুরিতে মনোনয়নের জন্য বিবেচনা করা হবে। এক্ষেত্রে ভুল তথ্য প্রদানের জন্য প্রার্থিতা/মনোনয়ন বাতিল হবে। BPS Form- 5A এবং পরবর্তীতে প্রদত্ত বিপিএসসি ফর্ম-৩ তে প্রদত্ত তথ্যে অমিল থাকলে BPS Form-5A এর তথ্য সঠিক হিসেবে পরিগণিত হবে।

(খ) প্রার্থী কর্তৃক আবেদনপত্রে উল্লিখিত স্থায়ী ঠিকানা (Permanent Address) পরবর্তীতে পরিবর্তিত হলে কিংবা মহিলাগণের ক্ষেত্রে স্বামীর ঠিকানা ব্যবহার করা হলে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/পৌরচেয়ারম্যান/ মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র লিখিত পরীক্ষার পূর্বে কমিশন কর্তৃক সরবরাহকৃত বিপিএসসি ফর্ম-৩ এর সাথে জমা দিতে হবে।

১১। প্রার্থীকে কেবল কমিশনের অনুমোদিত অনলাইন আবেদনপত্র (BPS Form-5A) পূরণ করে জমা দিতে হবে। ফলে মুদ্রিত আবেদনপত্র জমাদানের কোন সুযোগ নেই।

১২। প্রার্থীর নাম ও পিতার নাম এসএসসি অথবা সমমানের সনদে যেভাবে লিখা আছে অনলাইন আবেদনপত্রে (BPS Form-5A) এবং পরবর্তীতে বিপিএসসি ফর্ম-৩ তে ঠিক সেভাবে লিখতে হবে।

১৩। যে কোন পর্যায়ে গুরুতর কোন Substantive ড্রাফট ধরা পড়লে প্রার্থিতা বাতিল হবে। আবেদনপত্রে কোন মিথ্যা তথ্য পরিবেশন করলে আবেদনপত্রে বাতিলের পাশাপাশি সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থাও গ্রহণ করা হবে।

১৪। প্রিলিমিনারি টেস্ট ৪ বিজ্ঞাপিত পদগুলোর কোন একটি পদে আবেদনকারীর সংখ্যা ১০০০ এর অধিক হলে প্রিলিমিনারি টেস্ট গ্রহণ করা হবে। প্রিলিমিনারি টেস্টের তারিখ, সময় ও আসনব্যবস্থা যথাসময়ে পিএসসি'র ওয়েবসাইটসহ জাতীয় দৈনিক পত্রিকার মাধ্যমে জানানো হবে। প্রিলিমিনারি টেস্ট অনুষ্ঠিত হলে : www.eduresultbd.com

(ক) প্রার্থীদেরকে ১০০(একশত) নম্বরের Multiple Choice Question (MCQ) type পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

- (খ) পরীক্ষায় মোট ১০০(একশত)টি প্রশ্ন থাকবে। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ নম্বর পাবেন, ভুল উত্তর দিলে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ নম্বর কাটা যাবে। পরীক্ষার পূর্ণ সময় ১ ঘণ্টা। বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান(বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলী), গণিত ও দৈনন্দিন বিজ্ঞান বিষয়সমূহের উপর প্রশ্ন করা হবে।
- (গ) যে সকল প্রার্থী প্রিলিমিনারি টেস্টে উত্তীর্ণ হবেন এবং যাদের বিপিএসসি ফর্ম-৩ সম্পূর্ণরূপে ত্রুটিমুক্ত পাওয়া যাবে শুধুমাত্র তারাই লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।
- (ঘ) উত্তরপত্রে প্রশ্নপত্রের সেট কোড নম্বর লিখা থাকবে। প্রশ্নপত্র বিতরণের পর প্রার্থী তার উত্তরপত্রের সেট কোড এর সাথে প্রশ্নপত্রের সেট কোড মিলিয়ে নিবেন। উত্তরপত্র ও প্রশ্নপত্রের সেট কোড গরমিল হলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।

১৫। প্রিলিমিনারী টেস্ট অনুষ্ঠিত হলে উত্তীর্ণ প্রার্থীদের অথবা লিখিত ও মৌখিক পরীক্ষার ক্ষেত্রে (প্রিলিমিনারী টেস্ট প্রয়োজন না হলে) নিম্নবর্ণিত নম্বর বন্টন অনুযায়ী অংশগ্রহণ করতে হবেঃ

(ক) “সাব-রেজিস্ট্রার” পদের লিখিত পরীক্ষার বিষয়ঃ

ক্রংনং	বিষয়	মোট নম্বর	পাস নম্বর	পরীক্ষার সময়
১।	বাংলা	১০০	৪৫	পৃথক পৃথক বিষয়ে লিখিত পরীক্ষার সময় ৩ ঘণ্টা।
২।	ইংরেজি	১০০	৪৫	
৩।	সাধারণ জ্ঞান	১০০	৪৫	
৪।	সাধারণ গণিত	১০০	৪৫	
৫।	মৌখিক পরীক্ষা	১০০	৪৫	

বিঃদ্রঃ যে কোন বিষয়ে ৪৫% নম্বরের কম পেলে প্রার্থী লিখিত পরীক্ষায় অকৃতকার্য হয়েছে বলে গণ্য হবে।

(খ) “সার্কেল এ্যাডজুটেন্ট/উপজেলা আনসার ও ডিডিপি কর্মকর্তা/সহকারী এ্যাডজুটেন্ট” পদের লিখিত পরীক্ষার বিষয়ঃ

ক্রংনং	বিষয়	নম্বর	পাশ নম্বর	পরীক্ষার সময়
১।	বাংলা	৫০	সামগ্রিকভাবে ৪৫%	৩ ঘণ্টা
২।	ইংরেজি	৫০		
৩।	সাধারণ জ্ঞান	৪০		
৪।	গণিত ও মানসিক দক্ষতা	৬০		

মোট = ২০০

মৌখিক পরীক্ষা = ৫০

বিঃ দ্রঃ- লিখিত পরীক্ষার বিষয়ভিত্তিক সিলেবাস কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd -এ পাওয়া যাবে।

- ১৬। লিখিত ও মৌখিক পরীক্ষায় পাস নম্বর : “সার্কেল এ্যাডজুটেন্ট/উপজেলা আনসার ও ডিডিপি কর্মকর্তা/সহকারী এ্যাডজুটেন্ট” পদে লিখিত পরীক্ষায় পাশ নম্বর গড়ে ৪৫% এবং মৌখিক পরীক্ষায় পাশ নম্বর গড়ে ৪০%। লিখিত পরীক্ষায় কোন বিষয়ে ২৫% এর কম পেলে প্রার্থী উক্ত বিষয়ে কোন নম্বর পাননি মর্মে গণ্য হবে। তবে সাধারণ পদের জন্য কোন প্রার্থী কোন বিষয়ে ২৫% এর কম নম্বর পাওয়ার পরও অন্যান্য বিষয়ে সামগ্রিকভাবে ৪৫% নম্বর পেলে উক্ত প্রার্থীকে লিখিত পরীক্ষায় কৃতকার্য হিসেবে গণ্য করা হবে। শুধুমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। প্রার্থীকে লিখিত ও মৌখিক পরীক্ষায় আলাদাভাবে পাশ করতে হবে। অন্যথায় প্রার্থী সামগ্রিকভাবে অকৃতকার্য বিবেচিত হবে।
- ১৭। লিখিত পরীক্ষার উত্তরদানের ভাষা : বাংলা, ইংরেজি ও অন্যান্য ভাষা সম্পর্কিত বিষয়ের প্রশ্নের উত্তর সংশ্লিষ্ট ভাষাতেই লিখতে হবে। অন্যান্য বিষয়ের প্রশ্নের উত্তর বাংলা বা ইংরেজি-এর যে কোন একটিতে লিখতে হবে। একটি বিষয়ের উত্তরে উভয় ভাষা ব্যবহার করা যাবে না (Technical বিষয়সমূহ ইংরেজিতে লেখা যাবে)। কোন বিষয়ের প্রশ্নপত্রে অন্য কোনরূপ নির্দেশ থাকলে উক্ত বিষয়ের ক্ষেত্রে ঐ নির্দেশ অনুযায়ী প্রশ্নোত্তর লিখতে হবে।
- ১৮। পরীক্ষার কেন্দ্রসমূহ : প্রার্থী অনলাইন আবেদনপত্রে (Bpsc Form-5A) Exam centre এর ঘরে যে পরীক্ষা কেন্দ্রের নাম উল্লেখ করবেন তাকে সে কেন্দ্রেই পরীক্ষা দিতে হবে। প্রিলিমিনারি টেস্ট/লিখিত পরীক্ষা ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট ও রংপুর কেন্দ্রে অনুষ্ঠিত হবে। তবে প্রার্থী কর্তৃক প্রার্থিত কোন কেন্দ্রে প্রিলিমিনারি টেস্ট/লিখিত পরীক্ষা অনুষ্ঠান সম্ভব না হলে কমিশন কর্তৃক নির্ধারিত অন্য কোন কেন্দ্রে প্রার্থীকে প্রিলিমিনারি টেস্ট/লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। কেন্দ্র পরিবর্তনের কোন আবেদন গ্রহণ করা হবে না।

৫

- ১৯। এই বিজ্ঞপ্তিতে যে সকল শর্ত আরোপ করা হয়েছে তা আবেদনপত্র (BPSC Form-5A ও BPSC Form-3) এর কোন শর্তের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ না হলে এই বিজ্ঞপ্তির শর্তই চূড়ান্ত বলে গণ্য হবে। তবে কোন বিষয় অনুল্লিখিত থাকলে অথবা ব্যাখ্যার প্রয়োজন হলে কমিশন এ ব্যাপারে প্রয়োজনীয় সিদ্ধান্ত প্রদান করবে।
- ২০। মৌখিক পরীক্ষা গ্রহণের সময় শিক্ষা বোর্ড এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত মূল অথবা সাময়িক সনদের মূলকপি এবং সত্যায়িত ফটোকপি অবশ্যই দাখিল করতে হবে। সরকারী/আধাসরকারী/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত/স্থানীয় সংস্থায় চাকুরিরত প্রার্থীদেরকে বিপিএসসি ফরম-৩ এর সাথে সংযুক্ত ছাড়পত্রের ফরমে নিয়োগকারী কর্তৃপক্ষের সীল স্বাক্ষর গ্রহণ করে এর মূলকপি এবং সত্যায়িত ফটোকপি মৌখিক পরীক্ষার বোর্ডে দাখিল করতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না। উল্লেখ্য প্রিলিমিনারি/লিখিত/মৌখিক পরীক্ষা একই প্রবেশপত্রের মাধ্যমে গ্রহণ করা হবে। মৌখিক পরীক্ষার জন্য আলাদাভাবে প্রার্থীদের নামে কোন প্রবেশপত্র প্রেরণ করা হবে না।
- ২১। অতিরিক্ত তথ্য পাওয়ার জন্য : প্রার্থীকে অতিরিক্ত তথ্য পাওয়ার জন্য BPSC এর ওয়েবসাইট নিয়মিতভাবে visit করতে হবে। এ ছাড়া কর্ম কমিশন সচিবালয়ে অফিস চলাকালীন সময়ে (ছুটির দিন ব্যতীত) “সাব-রেজিস্ট্রার” পদের জন্য ৫৫০০৬৮২৮ নম্বরে এবং “সার্কেল এ্যাডজুটেন্ট/উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা/সহকারী এ্যাডজুটেন্ট” পদের জন্য ৫৫০০৬৬৫০ নম্বরে যোগাযোগ করে তথ্য জানা যাবে। কর্ম কমিশনের কোন বার্তা প্রার্থীদের নিকট TBL এর ০১৫৫০১৫৫৫৫৫ নম্বর মোবাইল থেকেই প্রেরিত হবে। অন্য কোন নম্বর থেকে নয়।
- ২২। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদের সংখ্যা বৃদ্ধি হতে পারে।
- ২৩। সাধারণ নির্দেশাবলী সকল পদের প্রার্থীদের জন্য প্রযোজ্য ক্ষেত্রে অনুসরণীয় হবে।
- ২৪। বিজ্ঞপ্তি ও ফরম পূরণের নির্দেশাবলি টেলিটকের <http://bpsc.teletalk.com.bd> এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট-এ পাওয়া যাবে।

শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে চূড়ান্তভাবে আবেদনপত্র জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

পড়াশুনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালোভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।
চাকরির ক্ষেত্রে কোনোরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

(শেখ শাখাওয়াৎ হোসেন)
(যুগ্ম-সচিব)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)।